

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.৪২.১৩০০.০০০.৯৯.০২১.১৫. ২৫৪৩

তারিখঃ ২১ কার্তিক ১৪২৩  
২৬ অক্টোবর ২০১৬

বিষয়ঃ চাঁদপুর জেলা পরিষদে মালিকানাধীন জায়গায় বহুতল বিশিষ্ট মার্কেট নির্মাণ প্রকল্প বাতিলের আবেদন সংক্রান্ত।

সূত্রঃ চাঁদপুর জেলা পরিষদের স্মারক নং-৪৬.৪২.১৩০০.১০১.১৫.০৪৯.১৩৫, তারিখঃ ২২/৮/২০১৬।

চাঁদপুর জেলার বাবুরহাট বাজারে জেলা পরিষদের মালিকানাধীন জায়গায় বহুতল বিশিষ্ট মার্কেট নির্মাণ প্রকল্পটি বাতিলের জন্য লীজিগণের পক্ষে জনৈক মোখলেছুর রহমান স্থানীয় সরকার বিভাগে আবেদন দাখিল করেন (সংযুক্তি-১)। সে প্রেক্ষিতে এ বিষয়ে মতামত প্রদান করার জন্য প্রধান নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। প্রধান নির্বাহী কর্মকর্তা জানান ইতঃমধ্যে প্রস্তাবিত মার্কেট নির্মাণ স্থানের soil test করানো হয়েছে এবং consultant নিয়োগের কার্যক্রম চলমান। মার্কেটটি নির্মাণ করা হলে জেলা পরিষদের আয় বৃদ্ধি পাবে। এ অবস্থায় মার্কেট নির্মাণের কার্যক্রম অব্যাহত রাখা যেতে পারে মর্মে প্রধান নির্বাহী কর্মকর্তা জানিয়েছেন (সংযুক্তি-২)।

২। এমতাবস্থায়, চাঁদপুর জেলার বাবুরহাট বাজারে জেলা পরিষদের মালিকানাধীন জায়গায় বহুতল বিশিষ্ট মার্কেট নির্মাণের বিষয়ে আগামী ১৫/১১/২০১৬ তারিখের মধ্যে মতামত প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

  
(জুবাইদা নাসরীন)

উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-[lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

বিভাগীয় কমিশনার  
চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রশাসক, জেলা পরিষদ, চাঁদপুর।
- ৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁদপুর।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।